

ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ প্রাপ্তির নির্দেশিকা

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত আবেদনকারী নিজে অথবা সন্তানের পক্ষে নির্ধারিত আবেদন ফরমের (সংযুক্ত) মাধ্যমে জেলা প্রশাসকের নিকট ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বিষয়ক সনদপত্রের জন্য আবেদন করতে পারবেন। ই-মেইলের মাধ্যমে acgenbarguna@mopa.gov.bd ই-মেইল ঠিকানায় আবেদন প্রেরণ করা যাবে।

আবেদনপত্রের সাথে যে সকল সংযুক্তি প্রয়োজন তা নিম্নরূপ:

১. উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রত্যয়নপত্র।
২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রত্যয়নপত্র।
৩. প্রার্থীর পিতার জাতীয় পরিচয় পত্রের কপি।
৪. প্রার্থীর মাতার জাতীয় পরিচয় পত্রের কপি।
৫. প্রার্থীর জাতীয় পরিচয় পত্র/জন্মনিবন্ধন সনদ এর কপি।
৬. চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

সকল সংযুক্তি ও প্রয়োজনীয় তথ্যসহ সঠিকভাবে আবেদন দাখিল করা হলে জেলা প্রশাসক কর্তৃক আবেদনকারীর অনুকূলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ প্রদান করা হবে।



(জাহিদুর রহমান)

সহকারী কমিশনার

সাধারণ শাখা

জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা।

e-mail: acgenbarguna@mopa.gov.bd

বরাবর

জেলা প্রশাসক
বরগুনা।

বিষয় : ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ প্রাপ্তির আবেদন।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক নিবেদন এই যে, আমি/আমার ----- এর আপনার স্বাক্ষরিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদপত্র একান্ত প্রয়োজন। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদপত্র প্রাপ্তির লক্ষ্যে নিম্নে সংক্ষিপ্ত তথ্যাদি মহোদয়ের সদয় বিবেচনার নিমিত্ত উপস্থাপন করলাম।

ক্রমিক	বিবরণ	তথ্যাদি
০১	নাম	
০২	পিতার নাম	
০৩	মাতার নাম	
০৪	স্থায়ী ঠিকানা	
০৫	বর্তমান ঠিকানা	
০৬	জাতীয় পরিচয়পত্র নম্বর/ জন্ম নিবন্ধন সনদ নম্বর	
০৮	জন্ম তারিখ	
০৯	ধর্ম	
১০	জাতীয়তা	
১১	ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাম	
১২	মোবাইল নম্বর	
১৩	ই-মেইল (যদি থাকে)	

বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত তথ্যাদির আলোকে আমাকে/আমার ----- এর নামে একটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদপত্র প্রদানের জন্য মহোদয়ের সদয় মর্জি হয়।

তারিখ:

বিনীত নিবেদক

সংযুক্তি :

- ১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রত্যয়নপত্র
- ২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রত্যয়নপত্র
- ৩। প্রার্থীর পিতার জাতীয় পরিচয় পত্রের কপি
- ৪। প্রার্থীর মাতার জাতীয় পরিচয় পত্রের কপি
- ৫। প্রার্থীর জাতীয় পরিচয়/জন্মনিবন্ধন সনদ এর কপি
- ৬। চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র

৪